HPV vaccines can be administered to both girls and boys; HPV vaccine is recommended for individuals between 9 and 26 years old; Ideal age for vaccination is before a person is sexually active (before exposure to HPV); Women 27-45 years of age can take the vaccine but the vaccine's efficacy is lower after 26 years.

TREATMENT OPTIONS:

If diagnosed at the pre-invasive stage, local treatment like LASER, thermal ablation and cryotherapy, without removal of the uterus are the treatment options available. For locally advanced disease radiotherapy along with chemotherapy is the treatment of choice.

The Statesman PEOPLE'S PARLIAMENT, ALWAYS IN SESSION
Wed, 07 February 2024
https://epaper.thestatesman.com/c/74518031

The Statesman

Date: 09.02.2024

Taking the battle to cervical cancer- The Statesman, 9th Feb. 2024

Taking the battle to cervical cancer

DR. SATISFY DKHAR
AND SUSHANT KHALKHO



Cervical cancer is again in the national news, this time as a result of fake news doing the rounds on social media platforms, asserting the untimely death of Indian actress Poonam Pandey due to cervical cancer. Earlier this week, during the interim budget speech of 2024-2025, the finance minister had batted for cervical cancer vaccination for girls aged between 9 to 14 years. While there is welcome spotlight and analysis on the causes of this pernicious disease, at the same time it is also imperative to understand the nuances of the wider public debate taking place concerning the road ahead for India in eradicating this persistent public health menace.

Globally, cervical cancer is the fourth most widely reported cancer, accounting for 10 per cent of all female cancers. As per statistics from GLOBOCAN 2022, cancer of the cervix uteri has a mortality rank of 9 and causes 3,48,186 deaths worldwide. Recent studies have indicated that low and middle-income countries (LMICs) have higher incidence and mortality rates of cervical cancer, with 90 per cent deaths of the aforementioned deaths worldwide occurring in LMICs. Closer home, as per the HPV Information Centre's latest HPV and Related Cancers Report 2023: India, cervical cancer ranks as the second most common cancer among Indian women between ages 15 to 44, with about 5 per cent (i.e., 2,56,114) of Indian women harbouring human papillomavirus (HPV) at any given time.

As per the WHO, cervical cancer is also, but not exclusively, caused by persistent infection with the HPV leading to cervical precancerous lesions, which if left untreated, cause 95 per cent of cervical cancers. Some of the contributing risk factors of cervical cancer are poor genital hygiene, multiple sexual partners resulting in increased exposure to HPV, etc.. Symptoms can range from excessive white discharge, bleeding between the periods, bleeding during sexual intercourse, postmenopausal bleeding, chronic pain in the abdomen, low backache, etc., depending on the stage of the cancer. Notably, cervical cancer can be prevented economically and effectively through the use of prophylactic HPV vaccination, timely screening, and speedy health-seeking behaviour for treatment of the virus.

Nevertheless, obstacles to the fight against cervical cancer remain. Cost-related concerns make the HPV vaccine unaffordable for many if not most Indians. Even popular brands of the vaccine developed indigenously by home-grown big pharma can cost as much as Rs 2,000-4,000 per dose, when purchased privately. Moreover, currently there is no single comprehensive cervical cancer programme or policy in place at the national level requiring big pharma to supply HPV vaccines at favourable and discounted rates.

However, recently in January 2023 - interestingly also the month observed as 'world cervical cancer awareness' month - the Ministry of Health and Family Welfare wrote to seven state governments, from Tamil Nadu to Himachal Pradesh, requesting them to prepare for the roll-out of the HPV vaccine for girls aged 9 to 14 years in their respective states.

This effort is widely understood to be the commencement of a phased introduction of HPV vaccination into routine mass immunisation programmes in the country. This idea is not new. In 2022, the National Technical Advisory Group on Immunization (NTAGI) had endorsed introduction of indigenously developed HPV vaccine in the universal immunization programme as a two-dose regimen.

In this matter, the experience of the United Kingdom, which adopted the HPV vaccination into its national health programmes more than a decade ago and has since commendably achieved an 86 per cent reduction in HPV infections, is instructive. Lessons can also be drawn from the successful HPV vaccination rollouts in the state of Sikkim. Sikkim had initially introduced the vaccine in 2014 but the initiative faltered at the time due to social hesitancy. Leveraging the lessons learnt from 2014, the vaccine was re-introduced in 2018, backed by detailed pre-rollout preparations, aggressive media sensitization, and a strong political will, resulting in a 97 per cent coverage.

The hope now is that finance minister's clarion call on the need for HPV mass immunization will provide a fillip for capacity building and mass production by domestic drug manufacturers, thus making the vaccine available as cheaply as INR 200-400 per dose, and bring it closer to the common person's reach. This bold step holds immense promise of success. A related point to note is that as per the latest NFHS-5 (2019-21) data, only 1.9 per cent of Indian women (2.2 per cent urban and 1.7 per cent rural) between the ages of 30 to 49 have undergone cervical cancer screening in their lifetime. In areas of high-incidence such as Africa and Asia, cancer screening programmes have demonstrated ability to effectively help identify early-stage malignancies.

It goes without saying that the utilization of cervical cancer screening as a method of early detection by health professionals and the general Indian populations alike remains woefully low despite the national programme for prevention and control of cancer, diabetes, cardiovascular diseases and stroke (NPCDCS) recommending national cervical cancer screening to be conducted at every five years' interval for those falling in the age bracket of 30 to 65 years. However, in India, whether such screenings are actually conducted at the ground level is anyone's guess.

Stepping up and experimenting with more proactive and robust screening strategies at the primary and secondary-levels of health care in PHCs, CHCs, and HWCs is a vital public health need of the times. Therefore, it stands to reason that regular and robust cervical cancer screening at the grassroots-level accompanied by universal vaccination under the national immunization program, especially in rural India, is a surefire way to realise the dream of a cervical cancer free India. Only then will India have a fighting chance to expedite and realize the targets set by the WHO for elimination of cervical cancer by 2030.

(The writers are, respectively, with the KSRDPRU, Gadag (School of Public Health, and Sanitation Management, Karnataka) specializing in NCD screening of common cancers, and with the National Law School of India University, Bengaluru. The views are personal.)

The Statesman Fri, 09 February 2024
https://epaper.thestatesman.com/c/74530730

আনন্দবাজার পত্রিকা

Date: 16.02.2024

ক্যানসারের টিকা -আনন্দবাজার পত্রিকা, 16th Feb. 2024

এক নজরে

ক্যানসারের টিকা

ক্যানসারের প্রতিষেধক প্রায় প্রস্তুত। এমনটাই দাবি করলেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। তিনি জানিয়েছেন, তাঁর দেশের বিজ্ঞানীরা অনেক দিন ধরেই ক্যানসারের প্রতিষেধক তৈরির কাজ করছিলেন। খুব শীঘ্রই সেই টিকা বাজারে আসতে চলেছে। মস্কোয় ভবিষ্যৎ প্রযুক্তি নিয়ে একটি আলোচনাচক্রে পুতিন বলেন, "ক্যানসারের প্রতিষেধক ও ইমিউনোমডিউলেটরি ড্রাগ তৈরির কাজ প্রায় প্রস্তুত। আশা করি, শীঘ্রই ব্যবহার করা হবে।" তবে কোন ক্যানসারের প্রতিষেধক, সে বিষয়ে কিছু জানানি রুশ প্রেসিডেন্ট। ক্যানসারের প্রতিষেধক নিয়ে আরও অনেক দেশে গবেষণা চলছে। তবে এই প্রথম কোনও রাষ্ট্রনেতা ঘোষণা করলেন।

আনন্দবাজার পত্রিকা

Date: 17.02.2024

সচেতন হলে আটকানো যায় সারভাইক্যাল ক্যানসার-আনন্দবাজার পত্রিকা, 17th Feb. 2024

সচেতন হলে আটকানো যায় সারভাইক্যাল ক্যানসার

বাজেট অধিবেশনে ভারতের অর্থমন্ত্রী নির্মলা সীতারামন ৯ থেকে ১৪ বছরের কিশোরীদের সারভাইক্যাল ক্যানসার বা জরায়ুর মুখের ক্যানসারের টিকা বিনামূল্যে দেওয়ার কথা ঘোষণা করেছেন। এ দেশে প্রতি বছর লক্ষাধিক মহিলা সারভাইক্যাল ক্যানসারে আক্রান্ত হন, তার মধ্যে মারা যান প্রায় ৭৫ থেকে ৭৭ হাজার মহিলা। ভারতীয় মহিলাদের যে ধরনের ক্যানসার বেশি হয়, তার মধ্যে দ্বিতীয় স্থানে সারভাইক্যাল ক্যানসার, অথচ এটি এমন একটি ক্যানসার যেখানে আগে থেকে সচেতন হলে এ রোগ আটকানো সম্ভব। বিশ্ব স্বাস্থ্য সংস্থা বা ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজ়েশন (হু) পরিকল্পনা নিয়েছে ২০৩০-এর মধ্যে সারভাইক্যাল ক্যানসার মুক্ত বিশ্ব গড়বে। তাই এই যুদ্ধে শামিল হতে যেমন এগিয়ে আসতে হবে দেশকে, তেমন প্রতিটি কন্যাসন্তানের অভিভাবককে সচেতন হতে হবে।

জরায়ু-মুখের ক্যানসারের কারণ

সারভাইক্যাল ক্যানসার ভাইরাসজনিত সমস্যা। এ ব্যাপারে স্ত্রীরোগবিশেষজ্ঞ ডা. অরুণাভ রায় বললেন, "হিউম্যান প্যাপিলোমা ভাইরাসের কারণে সারভাইক্যাল ক্যানসার বা জরায়ুর মুখের ক্যানসার হয়। সাধারণত যৌন সম্পর্কের মধ্য দিয়ে পুরুষের শরীরের থেকে নারীর শরীরে এই ভাইরাস সংক্রামিত হয়।"

কী করে বুঝবে সমস্যা হয়েছে?

মহিলাদের কোনও কারণে অস্বাভাবিক ও অনিয়মিত রক্তপাত হলে, দুটো মাসিকের মাঝে ছিটেফোঁটা রক্তপাত হতে থাকলে, শারীরিক মিলনের পরে এবং মেনোপজ়ের পরে রক্তপাত হলে সচেতন হতে হবে, স্ত্রীরোগবিশেষজ্ঞের পরামর্শ নিতে হবে। "অতিরিক্ত সাদা স্রাব হলে বা অস্বাভাবিক ব্লিডিং হলে অনেকেই ডাক্তারের কাছে যান। ওষুধ খেয়ে সমস্যা সমাধানও হয়ে যায়। কিন্তু ওষুধ বন্ধের পরে সমস্যা যদি আবার ফিরে আসে তা হলে বিষয়টি গুরুত্ব দিয়ে ভাবতে হবে। কারণ এটাও সারভাইক্যাল ক্যানসারের লক্ষণ," বললেন ডা. রায়।

প্রিভেনশন বা প্রতিকার

সারভাইক্যাল ক্যানসারের ভ্যাকসিন বা টিকা নেওয়া থাকলে অনেকটা সুরক্ষিত থাকা যায়। "প্রিভেনশন হিসেবে মেয়েদের সারভাইক্যাল ক্যানসারের ভ্যাকসিন নেওয়ার আদর্শ সময় ৯ থেকে ১৪ বছরের মধ্যে। প্রথম ভ্যাকসিন নেওয়ার ছ'মাস পরে আরও একটি ভ্যাকসিন নিতে হবে," বললেন ডা. রায়। অনেকেই মনে করেন ৯ থেকে ১৪ বছরের পরে আর ভ্যাকসিন নেওয়া যায় না। এই ব্যাপারে ডা. রায় বললেন, "১৫ বছরের পর থেকে যে কোনও বয়সিরা ভ্যাকসিন নিতে পারেন, সে ক্ষেত্রে তিনটে ডোজ় নিতে হবে। এই ভ্যাকসিন হাইলি এফেক্টিভ, এবং ৯০ শতাংশে ক্যানসারের সম্ভাবনা আটকে দেয়। এ ছাড়া বিবাহিত মহিলা যাঁরা ভ্যাকসিন নেননি, তাঁদের নিতে হবে স্ক্রিনিং প্রিভেনশন। স্ক্রিনিং দু'ভাবে করা হয়, প্যাপ টেস্ট আর এইচপিভি টেস্টের মাধ্যমে। প্যাপ করতে হয় তিন বছর অন্তর এবং এইচপিভি পাঁচ বছর অন্তর। প্যাপ ২০ থেকে ৬৫ বছরের মধ্যে আর এইচপিভি ৩০ থেকে ৬৫ বছরের মধ্যে। বিবাহিত মহিলারা যাঁরা কিশোরী বয়সে ভ্যাকসিন নিয়েছেন, তাঁদেরও ৩৫ থেকে ৪৫-এর মধ্যে বা মেনোপজ়ের পরে স্ক্রিনিং করানো জরুরি। কারণ ভ্যাকসিন ৯০ শতাংশ সুরক্ষা দেয়। তাই নির্দিষ্ট সময় অন্তর স্ক্রিনিং করিয়ে নিলে পুরোপুরি নিশ্চিন্ত থাকা যায়। কিন্তু দুর্ভাগ্য, আমাদের দেশে যাঁরা আক্রান্ত হচ্ছেন তাঁদের মধ্যে ৮৫ শতাংশ অ্যাডভান্স স্টেজে এসে চিকিৎসকের কাছে যান," বললেন ডা. রায়। সারভাইক্যাল ক্যানসারের ক্ষেত্রে প্রি-ক্যানসার স্টেজ থেকে ক্যানসার স্টেজে যেতে সময় লাগে প্রায় ১৫ বছর। এই ক্যানসারকে রুখতে হাতে যথেষ্ট সময় থাকে। তাই একটা বয়সের পরে স্ক্রিনিং জরুরি।

সচেতনতাই হাতিয়ার

ইউরোপ ও আমেরিকার দেশগুলিতে প্রিভেনশন স্ট্র্যাটেজি নিয়ে সারভাইক্যাল ক্যানসার প্রায় মুছে ফেলা সম্ভব হয়েছে। এ সব দেশে জেন্ডার নিউট্রাল ভ্যাকসিনেশন শুরু হয়েছে। কারণ এই ভাইরাস ছেলেরা বহন করে। ছেলে-মেয়ে দু'জনকেই দেওয়ার ফলে ভাইরাস আর জন্মাতে পারছে না। ও সব দেশে স্ক্রিনিং বাধ্যতামূলক। ভারতের ক্ষেত্রে প্রধান প্রতিবন্ধকতা বিপুল জনসংখ্যা, শিক্ষা ও অর্থনৈতিক কারণ। সচেতনতা গড়ে তুলতে যদিও দেশজুড়ে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন উদ্যোগ নিচ্ছে, কিন্তু তা যথেষ্ট নয়। সরকারের হস্তক্ষেপ প্রয়োজন। আশা করা যায়, এই ক্যানসারের টিকাকরণের বিষয়ে অর্থমন্ত্রীর প্রস্তাব কিছুটা দিশা দেখাবে।

আগে বিদেশ থেকে ভ্যাকসিন আনতে হত, দুটো ডোজ়ের দাম পড়ত প্রায় আট হাজার টাকা। এখন ভারতেই তৈরি হচ্ছে এই ভ্যাকসিন এবং দাম প্রায় অর্ধেক হয়েছে। শিশুরোগ বিশেষজ্ঞদের বড় দায়িত্ব হল, বিভিন্ন রোগের ভ্যাকসিন দেওয়ার পাশাপাশি এই রোগের ভ্যাকসিন সম্পর্কে জানাতে হবে কন্যাসন্তানের অভিভাবকদের। যত আগে ভ্যাকসিন দেওয়া যাবে তত তাড়াতাড়ি ইমিউনিটি তৈরি হবে।

অন্য দিকে বহু মানুষের ধারণা, যে রোগের ভ্যাকসিন দেওয়া হয়, সেই রোগ দেহে বাসা বাঁধে। "এটা একেবারে ভ্রান্ত ধারণা। পালস পোলিয়োর সময়েও এই সমস্যার সম্মুখীন হতে হয়েছিল। ভ্যাকসিন পুরোপুরি সুরক্ষিত। সমস্যা হতে পারে ভ্যাকসিনের দাম নিয়ে। অনেকের দুটো ভ্যাকসিন কেনার মতো সামর্থ্য নাও থাকতে পারে। সে ক্ষেত্রে কমব অন্তত একটা ভ্যাকসিন দিন আপনার মেয়েকে। গবেষণায় দেখা গিয়েছে একটা ভ্যাকসিন দিলেও কাজ হয়। দুটো দিলে অবশ্যই ভাল। স্ক্রিনিং টেস্টের ক্ষেত্রেও একই, আর্থিক সামর্থ্য না থাকলে অন্তত একবার করুন। যাঁরা ইতিমধ্যে আমাদের কাছে চিকিৎসার জন্য আসেন, তাঁদের জিজ্ঞেস করি বাড়িতে ছোট মেয়েদের ভ্যাকসিন হয়েছে কিনা বা স্ক্রিনিং করানোর কথা বলি। উদ্দেশ্য সচেতন করে দেওয়া," বললেন ডা. রায়।

সামর্থ্য থাকলেও বারবার স্ক্রিনিং টেস্ট করাতে চান না অনেকেই, ভাবেন অনর্থক খরচ। হিসেব করলে দেখা যাবে ৩০ থেকে ৬৫ বছরের মধ্যে সাত বার স্ক্রিনিং করাতে আনুমানিক মোট খরচ ১৫ হাজার টাকা। কিন্তু রোগটি হলে তার চিকিৎসার খরচ অনেক গুণ বেশি। প্রিভেনশন ইজ় বেটার দ্যান কিয়োর কথাটি সারভাইক্যাল ক্যানসার দমনের একমাত্র মন্ত্র।

ঊর্মি নাথ

আনন্দবাজার পত্রিকা

Date: 20.02.2024

অন্তঃসত্ত্বা ক্যানসার রোগিণীর সন্তানের জন্ম, সুস্থ মা ও শিশু- আনন্দবাজার পত্রিকা, 20th Feb. 2024

অন্তঃসত্ত্বা ক্যানসার রোগিণীর সন্তানের জন্ম, সুস্থ মা ও শিশু

শান্তনু ঘোষ

ক্যানসারের নিরাময় করতে হলে গর্ভপাত করাতে হবে। চিকিৎসকদের এমন কথায় ভেঙে পড়লেও হাল ছাড়েননি বছর চৌত্রিশের বধূ। গর্ভস্থ সন্তানকে সুস্থ ভাবে জন্ম দেওয়া এবং একই সঙ্গে ক্যানসারের চিকিৎসা চালানোর আর্জি নিয়ে উত্তরবঙ্গ থেকে কলকাতায় চলে এসেছিলেন। তাঁর জেদের কাছে হার মেনেছিলেন এসএসকেএমের চিকিৎসকেরাও। রীতিমতো ঝুঁকি নিয়েই অন্তঃসত্ত্বা ওই মহিলার স্তন ক্যানসারের চিকিৎসা শুরু করেছিলেন তাঁরা।

মাস তিনেক আগে সুস্থ সন্তানের জন্ম দিয়েছেন ওই বধূ। আর দিনকয়েক আগে অস্ত্রোপচার করে তাঁর স্তন পুনর্গঠনও করা হয়েছে। চিকিৎসকেরা জানাচ্ছেন, বধূর দু'টি ইচ্ছাই সাফল্যের সঙ্গে পূরণ করা সম্ভব হয়েছে। ওই বধূর চিকিৎসা করা স্তন ক্যানসার শল্য চিকিৎসক দীপ্তেন্দ্র সরকার বলেন, "ক্যানসারের চিকিৎসায় রোগীর নিজস্ব, পারিবারিক ও সামাজিক সমস্যাগুলিকে ঠিক ভাবে বুঝে সেই মতো ব্যবস্থা নিতে হয়। তা হলে সমস্ত বাধা পেরিয়ে যাওয়া সম্ভব। যেমন এই ক্ষেত্রে হয়েছে।"

পুরাতন মালদহের বাসিন্দা মহম্মদ আজাদ শেখ জানাচ্ছেন, গত বছর মে মাসে তাঁর স্ত্রী মলি খাতুন অন্তঃসত্ত্বা হন। সেই সময়েই মলি বাঁ দিকের স্তনে একটি মাংসপিণ্ড (টিউমার) রয়েছে বলে অনুভব করেন। স্থানীয় স্ত্রীরোগ চিকিৎসককে সেটি দেখালে তাঁরা পরীক্ষা করে জানান, মলি স্তন ক্যানসারে আক্রান্ত। ওই রোগের চিকিৎসা করাতে হলে গর্ভপাত করাতে হবে। কিন্তু তাতে রাজি হননি দম্পতি। এক দিকে ক্যানসার, আর এক দিকে গর্ভস্থ সন্তান— এই দুই নিয়ে টানাপড়েনের মধ্যে ছিলেন তাঁরা। আজাদ বলেন, "আরও ডাক্তার দেখালাম, সকলেই একই কথা বলছিলেন। কিন্তু আমরা রাজি ছিলাম না। এই ভাবে প্রায় তিন মাস কেটে গেল।" এর পরে বিভিন্ন জায়গায় খোঁজখবর নিয়ে কলকাতায় আসার সিদ্ধান্ত নেন পেশায় দোকানে ওষুধ পৌঁছে দেওয়ার কর্মী আজাদ।

গত বছরের জুলাইয়ে তাঁরা কলকাতার একটি বেসরকারি হাসপাতালে এসে ক্যানসার চিকিৎসক কৌশিক চট্টোপাধ্যায়ের সঙ্গে যোগাযোগ করেন। মলির সঙ্গে কথা বলার পরে চিকিৎসক বুঝতে পারেন, বিষয়টিতে যথেষ্ট ঝুঁকি রয়েছে। তাই ওই রোগীকে এসএসকেএমে পাঠানো হয়। সেখানে মূলত কৌশিক এবং দীপ্তেন্দ্রর অধীনে চিকিৎসা শুরু হলেও স্ত্রীরোগ বিভাগের প্রধান চিকিৎসক সুভাষ বিশ্বাস, নিয়োনেটোলজির প্রধান চিকিৎসক সুচন্দ্রা মুখোপাধ্যায়কে নিয়ে মেডিক্যাল বোর্ড গঠন করা হয়। কৌশিক জানাচ্ছেন, গর্ভাবস্থার প্রথম তিন মাসের মধ্যে ভ্রূণের অঙ্গপ্রত্যঙ্গ তৈরি হয়ে যায়। আর মলি তাঁদের কাছে এসেছিলেন, যখন তাঁর দ্বিতীয় ট্রাইমেস্টার (প্রথম তিন মাসের পরের তিন মাসের অধ্যায়) চলছিল। ওই চিকিৎসক বলেন, "ওই সময়কালে কেমো দিলে গর্ভস্থ সন্তানের ক্ষতি হওয়ার আশঙ্কা তেমন নেই। তাই তাড়াতাড়ি কেমো চালু করা হয়।"

চিকিৎসা চলাকালীন হাসপাতালের আশপাশে ঘর ভাড়া নিয়ে থাকতে শুরু করেন আজাদেরা। চিকিৎসকেরা জানাচ্ছেন, গত অক্টোবর মাসের মাঝামাঝি নাগাদ পরীক্ষায় দেখা যায়, মলির গর্ভস্থ সন্তানের কিডনিতে কিছু সমস্যা রয়েছে। তখন তড়িঘড়ি সিজ়ারের সিদ্ধান্ত নেন চিকিৎসকেরা। সেই মতো কেমো বন্ধ করা হয়। গত বছরের নভেম্বরে মলি ও আজাদের সন্তান জন্ম নেয়। মালদহের ওই যুবক বলেন, "জন্মের পরে নিয়োনেটাল কেয়ার ইউনিটে বাচ্চাকে কয়েক দিন রেখে সুস্থ করে ছাড়া হল। আমাদের প্রথম সন্তানের মুখ দেখতে পাব, তা ভাবতেই পারিনি।" দীপ্তেন্দ্র জানাচ্ছেন, সিজ়ারের আগে থেকে শুরু করে প্রসবের পরেও বেশ খানিকটা সময়— সব মিলিয়ে প্রায় দেড় মাস কেমো বন্ধ রাখা হয়েছিল। তার ফলে মলি তাঁর সন্তানকে স্তন্যপানও করাতে পেরেছেন।

এর পরে ফের কেমো চালু হয় মলির। কিন্তু স্তনের মধ্যে থাকা টিউমারের আকার কমছে না দেখে অস্ত্রোপচারের সিদ্ধান্ত নেন চিকিৎসকেরা। টিউমার বাদ দেওয়ার পাশাপাশি পিঠ থেকে মাংস নিয়ে স্তন পুনর্গঠন করা হয়। দীপ্তেন্দ্র বলেন, "ক্যানসারমুক্ত করার পাশাপাশি রোগীর ইচ্ছে মতোই স্তন বাঁচানো ও মাতৃত্বের স্বাদ— দুই-ই দেওয়া সম্ভব হল।" আর সুভাষ বিশ্বাস বলছেন, "মা ও সন্তান, উভয়ের স্বাস্থ্যের দিকেই নজর রেখে ওষুধ দিতে হয়েছিল। কারণ, ক্যানসার আক্রান্ত ওই মায়ের কাছে মানসিক সুস্থতাই ছিল আসল। সেটা বজায় রাখতে পারার কারণেই ভাল ফল মিলেছে।"

सन्मार्ग
खबरें अनेक सच्चाई एक
sanmarg.in

Date: 22.02.2024

नुक्कड़ नाटक से कैंसर के प्रति किया गया जागरूक-सन्मार्ग, 22nd Feb. 2024

नुक्कड़ नाटक से कैंसर के प्रति किया गया जागरूक

सन्मार्ग संवाददाता

कोलकाता : नारायणा हेल्थ, कोलकाता ने नारायणा हॉस्पिटल, हावड़ा, और नारायणा हॉस्पिटल आरएन टैगोर हॉस्पिटल, मुकुंदपुर के साथ मिलकर नुक्कड नाटक के माध्यम से कैंसर जागरूकता अभियान की शुरूआत की। छह दिन तक चलने वाले नुक्कड नाटक जागरूकता अभियान की शुरूआत 14 फरवरी से हुई। यह अभियान कैंसर के बचाव और समय पर कैंसर की पहचान के बारे में जागरूकता को बढ़ावा देने के उद्देश्य से आयोजित किया गया था। नारायणा हेल्थ के ग्रुप सीओओ **आर. वेंकटेश** ने कहा, नुक्कड नाटक संचार का सबसे शक्तिशाली माध्यम है। बंगाल में लोग कला के इस माध्यम को काफी पसंद करते हैं।

नुक्कड़ नाटक में हास्यपूर्ण व्यावहारिक बातचीत के जरिए समय पर चिकित्सा और देखभाल के महत्व और देश भर में कैंसर के इलाज में नारायणा हेल्थ की भूमिका पर प्रकाश डाला गया। नारायणा अस्पताल, हावड़ा के फैसिलिटी डायरेक्टर, **असीम कुमार** ने कहा कि शहर में कैंसर के मामले तेजी से बढ़ रहे हैं। जिसका प्राथमिक कारण अस्वास्थ्यकर जीवनशैली और तनाव है।

इसलिए हमने अभियान के लिए शहर की घनी आबादी वाले इलाकों को चुना। नुक्कड़ नाटक का मुख्य उद्देश्य स्तन, प्रोस्टेट, सिर और गर्दन, स्त्री रोग और फेफड़ों के कैंसर के बारे में संदेश फैलाना था। नारायणा हॉस्पिटल आरएन टैगोर हॉस्पिटल, मुकुंदपुर के फैसिलिटी डायरेक्टर **अभिजीत सीपी** ने कहा, कैंसर के खिलाफ लड़ाई में हमारा उद्देश्य व्यक्ति और समुदाय में एक सार्थक परिवर्तन लाना है।

सन्मार्ग
खबरें अनेक सच्चाई एक
sanmarg.in

Date: 22.02.2024

कैंसर को हराया जा सकता है : डॉ. विकास-सन्मार्ग, 22nd Feb. 2024

कैंसर को हराया जा सकता है : डॉ. विकास

ऑन्कोलॉजिस्ट डॉ. विकास कुमार अग्रवाल

कोलकाता : समय पर उचित चिकित्सा से कैंसर को हराया जा सकता है। बस समय रहते इसका उपचार शुरू कर दिया जाए। यह कहना है डॉ. विकास कुमार अग्रवाल का। सेलिब्रेट होप नाम के कार्यक्रम द्वारा वरिष्ठ ऑन्कोलॉजिस्ट डॉ. विकास कुमार अग्रवाल ने यह संदेश दिया है। इस कार्यक्रम को वी केयर कैंसर सेंटर (वीसीसीसी) द्वारा ग्लोबल कैंसर ट्रस्ट के सहयोग से किया गया। वीसीसीसी एक कैंसर सेंटर है जो रोगियों को समग्र देखभाल प्रदान करने के उद्देश्य से कैंसर के लिए नवीनतम निदान और उपचार प्रक्रिया प्रदान करता है। कीमोथेरेपी के बाद, सर्जरी के बाद घरेलू देखभाल सेवाओं के साथ सर्वोत्तम उपचार प्रदान करना इनका उद्देश्य है। वीसीसीसी मुख्य रूप से कैंसर के देखभाल पर ध्यान केंद्रित करता है, यह ट्यूमर बोर्ड सुविधाएं, कैंसर टीकाकरण, आनुवंशिक परामर्श, इम्यूनोथेरेपी, दर्द प्रबंधन और अन्य संबद्ध सेवाओं जैसी मल्टी मॉडल सेवाओं की एक विस्तृत श्रृंखला प्रदान करता है। वरिष्ठ ऑन्कोलॉजिस्ट, डॉ. विकास कुमार अग्रवाल और हेल्थ कोच विभा अग्रवाल का कहना है कि साथ मिलकर कैंसर हराया जा सकता है। इस मिशन के साथ हम आगे बढ़ रहे हैं। उन्होंने कहा कि अगर कैंसर का जल्दी पता चल जाए तो इसका इलाज संभव है।

আনন্দবাজার পত্রিকা

Date:
24.02.2024

ক্যানসার আক্রান্ত শিশুদের সুস্থ করতে সমাজকে পাশে থাকার ডাক চিকিৎসকদের- আনন্দবাজার পত্রিকা, 24th Feb. 2024

ক্যানসার আক্রান্ত শিশুদের সুস্থ করতে সমাজকে পাশে থাকার ডাক চিকিৎসকদের

নিজস্ব সংবাদদাতা

লড়াইটা যেন মাঝপথে থেমে না যায়। তবে, সেই লড়াই চালিয়ে যেতে ক্যানসার আক্রান্ত শিশু ও তার পরিবারের পাশে থাকতে হবে সমাজকেও। তবেই একশো শতাংশ শিশু ক্যানসার মুক্ত হয়ে নতুন জীবনের স্বপ্ন দেখতে পারবে। শুক্রবার শহরে এক অনুষ্ঠানে এসে এমনই বার্তা দিলেন বরাক উপত্যকার ক্যানসার চিকিৎসক, রামন ম্যাগসাইসাই পুরস্কারপ্রাপ্ত রবি কান্নান। তাঁর সঙ্গে সহমত প্রকাশ করলেন উপস্থিত অন্যান্য চিকিৎসক এবং অতিথিরাও।

পরিসংখ্যান বলছে, এ দেশে যত ক্যানসার রোগী আছেন, তাঁদের দুই থেকে তিন শতাংশ শিশু। তার মধ্যে ৩৮ শতাংশ শিশুর মৃত্যু হয় মাঝপথে চিকিৎসা বন্ধ করে দেওয়ায়। যদিও শিশুদের ক্যানসারের ঠিক মতো চিকিৎসা হলে, আগামীর স্বপ্ন দেখতে পারে দেবরাজ চট্টোপাধ্যায়ের মতো আরও অনেকে। ওই যুবকের যখন ১৪-১৫ বছর বয়স, তখন ক্যানসার ধরা পড়ে। যার কারণে ওই কিশোরের বাঁ হাত বাদ যায়। কিন্তু নিয়ম মেনে চিকিৎসার পরে আজ পুরোপুরি সুস্থ দেবরাজ।

তাঁর আঁকা নিজেদের ছবি হাতে নিয়ে অবাক হয়ে গেলেন ক্যানসার শল্য চিকিৎসক রবি থেকে শুরু করে মঞ্চে দাঁড়ানো অতিথিরা। দেবরাজের মতো আরও অসংখ্য শিশুকে রোগ মুক্তির পরে জীবনে প্রতিষ্ঠিত করার দায়িত্ব এই সমাজের, সেই কথাই এ দিন বার বার মনে করিয়ে দিলেন হেমাটোলজিস্ট প্রান্তর চক্রবর্তীও। বললেন, "একটা শিশুর গোটা পরিবারকেই ক্যানসার অন্য পথে চালিত করে। অনেক ক্ষেত্রে পরিজনেরাও পাশ থেকে সরে যান। সবই সচেতনতার অভাব। সরে না গিয়ে ওই পরিবারের পাশে সমাজের সকল স্তরের মানুষকে থাকতে হবে।"

একই সুর শোনা গেল শিলচরের 'কাছাড় ক্যানসার হাসপাতাল অ্যান্ড রিসার্চ সেন্টার'-এর অধিকর্তা রবি কান্নানের গলায়। তিনি মনে করেন, ক্যানসার আক্রান্ত একটি শিশুকে সারিয়ে তুলতে পুরো এলাকার বা গ্রামের প্রয়োজন হয়। কারণ, ওষুধ, উন্নত চিকিৎসার মতো বিষয়ের পাশাপাশি বড় প্রয়োজন হয় সহমর্মিতার। এ দিন নিজের বক্তব্যে রবি জানান, বহু ক্ষেত্রেই দেখা যায়,

■ একটি অনুষ্ঠানে ক্যানসার বিজয়ী দেবরাজ চট্টোপাধ্যায়ের সঙ্গে ক্যানসার চিকিৎসক রবি কান্নান। শুক্রবার, রবীন্দ্র সদনে। *ছবি: সুমন বল্লভ*

প্রত্যন্ত এলাকা থেকে চিকিৎসা করাতে আসা পরিবারগুলি কিছু দিন পরে উধাও হয়ে যাচ্ছে। যার ফল খারাপ হচ্ছে। যদি ঠিক মতো চিকিৎসা করা হত, তা হলে ওই শিশু আর পাঁচ জনের মতোই স্বাভাবিক জীবন কাটাতে পারত। ওই চিকিৎসক আরও বলেন, "ক্যানসার আক্রান্ত শিশুর পুষ্টি থেকে শুরু করে হাসপাতালে যাতায়াতের খরচ জোগাড়, পরিবারকে মানসিক সাহস জোগানোর মতো অনেক কাজ রয়েছে। প্রাকৃতিক প্রতিকূলতায় যাতে রোগীর হাসপাতালে ফলো-আপে আসা বন্ধ না হয়, সেটাও খেয়াল রাখতে হবে। এই সব কাজ করতে দরকার সমাজের।"

রবির হাসপাতালের সঙ্গেও যৌথ ভাবে কাজ করে, এ দিন রবীন্দ্রসদনে অনুষ্ঠানের আয়োজক সংস্থাটি। এ দিন রবি বলেন, "কলকাতায় চিকিৎসা করাতে আসা শিশুদের পরিবার যাতে থাকতে পারে, সে জন্য একটি জায়গার ব্যবস্থা আমরা করব। সেই জমি বা বাড়ি পেতেও প্রয়োজন সামাজিক সহমর্মিতার।"

শিশুদের ক্যানসার নিয়ে কাজ করা ওই সংস্থার তরফে পার্থ সরকার বলেন, "আমাদের লক্ষ্য, একটি শিশুকেও ক্যানসারে মারা যেতে না দেওয়া। এসএসকেএম ও নীলরতন সরকার মেডিক্যাল কলেজে একটা সময়ে ৫০ শতাংশ শিশু ক্যানসার রোগী চিকিৎসা ছুট হয়ে যেত। আমাদের 'লাইফ বিয়ন্ড ক্যানসার' সংস্থা সেখানে কাজ শুরু করার পরে সেই সংখ্যা অনেক কমেছে।"

The Statesman

Date: 26.02.2024

Hoping for effective cancer vaccination in North-East- The Statesman, 26th Feb. 2024

Hoping for effective cancer vaccination in North-East



NAVA THAKURIA

The news came with apprehension as well as hope for the people of North-East India, as the region has slowly turned into a cancerous locality in the vast country. Russian President Vladimir Putin recently announced that his country was almost ready to launch a viable cancer vaccine. Speaking at a function in Moscow, Putin revealed that significant progress has been made by Russian scientists in developing important vaccines and immunomodulatory drugs. The hardliner Russian politician, who is globally condemned for his invasion of Ukraine, resulting in many casualties and enormous property damages, expressed optimism that the advancement of their scientific fraternity will transform the healthcare scenario across the globe. However, Putin did not reveal any specific information about the types of cancer vaccines.

According to medical experts, cancer is a disease where some of the body cells grow unusually. Human cells grow and multiply during the process of cell division. When the cells grow old or are damaged for any reason, new cells replace them. Sometimes this order can be disturbed, and thus an abnormal growth of cells takes place. Cancer can start anywhere in the body and spread to other parts. The vaccines help the human body fight against cancerous cells, improving their immunity. The vaccines can prevent a healthy person from getting certain cancers and also sometimes help treat the deadly disease by destroying harmful cancer cells.

Many advanced countries have been working to find effective cancer medicine and vaccines for decades. In its report, the World Health Organisation (WHO) confirmed the availability of six licenced vaccines targeting human papillomaviruses (HPV, which causes cervical cancer) and hepatitis B, which may lead to liver cancer. Incidentally, cervical cancer is the fifth most common cancer in the world, whereas it's ranked as the most frequent cancer among Indian women. India has already developed Cervavac as a preventive measure to fight against cervical cancer. The country's first cancer vaccine, launched by the Serum Institute of India after rigorous research, clinical trials, and necessary regulatory approvals, has been promoted by the Union government in New Delhi.

India has continued to increase the number of cancer-affected families in the recent past. The projected number of cancer cases in the country is estimated to be 15.7 lakh by next year. So it can be predicted that one in nine Indians may face a cancer diagnosis during his or her lifetime. The treatment and survival rates in India depend on various factors, like the type and stage of cancer, the time when the diagnosis was made, gender, and also the nature of the treatment.

While the efforts of public insurance programmes, including the Ayushman Bharat-Pradhan Mantri Jan Arogya Yojana, to overcome the financial barriers remain laudable, collaborative efforts between the public and private sectors should play a pivotal role in making essential treatments more accessible and affordable to those who may not be eligible for public insurance schemes. The journey through cancer is not just about medical interventions but also providing a holistic support system to address the emotional and mental well-being of the patients as well as their families, opine holistic healthcare experts.

Like other parts of the country, the North-East too increases the number of cancer cases, and by 2025, it may witness 57,000 new cases. The Indian Council of Medical Research reports that the region faces a high burden of cancer compared to other parts of the country. The highest cancer incidence rate among males was recorded in Aizawl and among females in Papum Pare. The number of tobacco-related cancer cases, followed by stomach, lung, liver, breast and cervix cancer, remains high in the region.

According to the Assam Cancer Care Foundation, a joint partnership between the Assam government and Tata Trusts, nearly 32,000 new cases surface each year, where mortality is as high as 40 to 50 per cent. Set up in December 2017 to create a first-of-its-kind three-level cancer grid with the aim of addressing the cancer care burden in the state, the foundation also aims to bring out a modern cancer research centre in Guwahati. Currently, an apex hospital handles healthcare-related issues with a network of centres in different localities so that the rural population also gets the benefit of quality cancer care with reduced financial burden.

The life-threatening disease is still considered a curse on a family. Numerous Assamese plays, cinemas, stories, and media articles have depicted the painful disease as another name for death. Often, in the dialogue, cancer has no answer. So if any individual is diagnosed with cancer, irrespective of its stages, the family instantly presumes a dark future as the treatment remains so expensive. However, the practising doctors always encourage the patients (and also the affected families) to face the disease bravely. They argue that with early detection and proper treatment, cancer can be fully cured if the patient adopts medication with a positive outlook enriched with regular physical activities.

Cancer is also termed a huge scam, as many healthcare enthusiasts believe that the medical community possesses the capacity to develop a comprehensive cancer vaccine, but it often faces distractions from powerful beneficiaries of the scam, including pharmaceutical companies, private hospitals, adorable doctors, etc. Needless to mention, if the vaccination process becomes feasible and effective, those beneficiaries would lose their business empire, amounting to a huge volume of money. Now that Putin, already identified as an arrogant and authoritarian leader, declares the last-phase research for inventing cancer vaccines by Russian scientists, it has the potential to change the global healthcare scenario.

Unlike many politicians in power across the world, Putin may not bother about the hurdles and complications facing the invention and marketing of cancer vaccines, as he would prefer to improve his image from an invader to a humanitarian crusader. If the Russian cancer vaccine becomes a reality, Putin will be beneficiary number one in the process. Nonetheless, an inclusive cancer vaccine should emerge out of all technical hitches and complexities so that human suffering from the disease can be minimised, if not completely erased. Hoping against hope, 60 million people in the North-East also eagerly wait for such a breakthrough in the coming days.

The writer is a Guwahati-based special representative of The Statesman

The Statesman Mon, 26 February 2024
https://epaper.thestatesman.com/c/74634434

The Statesman

Date: 27.02.2024

Cancer biology & therapeutics MSc- The Statesman, 27th Feb. 2024

Cancer biology & therapeutics MSc

The University of Sheffield, UK is inviting applications for its MSc cancer biology and therapeutics course, starting in September 2024.

The programme provides research-led teaching in fundamental cancer biology, clinical oncology and the latest advances in modern therapeutics including immunotherapy and precision medicine. In addition, the six-month full-time research project is excellent preparation for a PhD and a career in healthcare or the pharmaceutical industry.

This course connects the cancer research that scientists conduct in the lab with the treatments that oncology patients receive. It covers the fundamental science of cancer, clinical aspects of cancer diagnosis and treatment, the current and emerging technologies of cancer research and the process of translating scientific discoveries into new therapies in areas including immunotherapy and precision medicine. 6-months of the course are dedicated to the full-time research project which students will undertake within one of the university's world-leading research teams to develop valuable research skills.

Students will study the cellular and molecular biology that underpins the transformation of normal cells into cancer cells and how these can be exploited in precision medicine. In addition, students will learn about the broader epidemiology of cancer, gaining insight into cancer risks and disease patterns within the population to understand how and why cancer occurs. The tumour microenvironment and its potential for therapeutic targeting are examined in detail. Students will learn how tumours grow, how cancer spreads, and how the cells that interact with cancer cells, such as immune cells, can influence tumour progression.

আনন্দবাজার পত্রিকা

Date: 28.02.2024

ক্যানসার গবেষণায় সাফল্য, দাবি ১০০ টাকায় ট্যাবলেট- আনন্দবাজার পত্রিকা, 28th Feb. 2024

ক্যানসার গবেষণায় সাফল্য, দাবি ১০০ টাকায় ট্যাবলেট

মুম্বই, ২৭ ফেব্রুয়ারি: ক্যানসার গবেষণায় নতুন দিশা দেখাল মুম্বইয়ের টাটা মেমোরিয়াল সেন্টার (টিএমসি)। সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে, দ্বিতীয় বার ক্যানসারের আক্রমণ প্রতিরোধ করতে একটি ওষুধ আবিষ্কার করেছে তারা। রেডিয়েশন এবং কেমোথেরাপির মতো চিকিৎসার পার্শ্ব প্রতিক্রিয়াও ৫০ শতাংশ কমিয়ে দেবে ওই ওষুধ। সংস্থার গবেষক এবং চিকিৎসকেরা দশ বছর ধরে এই ওষুধ আবিষ্কারের কাজ করেছেন বলে আজ একটি বেসরকারি টিভি চ্যানেলকে দেওয়া সাক্ষাৎকারে জানান এই গবেষক দলের সদস্য, টাটা মেমোরিয়াল হাসপাতালের সিনিয়র ক্যানসার সার্জন রাজেন্দ্র বড়ভে।

এই গবেষকের কথায়, "গবেষণার জন্য ইঁদুরের মধ্যে মানুষের ক্যানসার কোষ ঢোকানো হয়েছিল। এই কোষ তাদের মধ্যে একটি টিউমার তৈরি করে। তখন ইঁদুরগুলিকে রেডিয়েশন থেরাপি, কেমোথেরাপি ও অস্ত্রোপচারের মাধ্যমে চিকিৎসা করা হয়। দেখা গিয়েছে, এই ক্যানসার কোষগুলি মারা গেলে সেগুলি ক্রোমাটিন নামক ক্ষুদ্র কণায় টুকরো হয়। এই কণাগুলি রক্তের মাধ্যমে শরীরের অন্য অংশে যেতে পারে এবং সুস্থ কোষকে ক্যানসারে পরিণত করতে পারে।"

চিকিৎসক বড়ভে এই গবেষণা প্রসঙ্গে আরও বলেন, "এই ভাবে দ্বিতীয় বার ক্যানসার হওয়ার পথ কী ভাবে রোখা যায়, তার সমাধান খুঁজতে শুরু করেন চিকিৎসকেরা। তাঁরা ইঁদুরকে রেসভিরাট্রল এবং কপার-সহ প্রো-অক্সিডেন্ট ট্যাবলেট দেন। দেখা যায়, এই ট্যাবলেট ক্রোমাটিন কণাকে ধ্বংস করতে সক্ষম হচ্ছে।" বড়ভে জানান, ক্যানসার চিকিৎসার খরচ লক্ষ টাকা থেকে শুরু করে কোটি টাকাও ছাড়িয়ে যেতে পারে। কিন্তু এই ট্যাবলেটটি সর্বত্র ১০০ টাকায় পাওয়া যাবে।

সংবাদ সংস্থা

Date: 29.02.2024

ক্যান্সার জয় করার পরেও ফের আক্রান্ত হওয়ার সম্ভাবনা কমাবে ফুড সাপ্লিমেন্ট- এইসময়, 29th Feb. 2024

ক্যান্সার জয় করার পরেও ফের আক্রান্ত হওয়ার সম্ভাবনা কমাবে ফুড সাপ্লিমেন্ট

ট্যাবলেট মিলতে পারে ১০০ টাকায়

এই সময়: মারণ ক্যান্সারের চিকিৎসায় অভিনব অগ্রগতির হদিশ মিলল ইঁদুরের উপর গবেষণায়। আশা, আগামী দিনে তা ক্যান্সার চিকিৎসায় সুস্থতার রাস্তা চওড়া করবে অত্যন্ত স্বল্প ব্যয়ে। হয়তো প্রতি ট্যাবলেট মিলবে মাত্র ১০০ টাকা দামে।

মুম্বইয়ের টাটা মেমোরিয়াল হাসপাতালের চিকিৎসাবিজ্ঞানীরা এমন একটি চিকিৎসা পদ্ধতি আবিষ্কার করেছেন বলে দাবি করছেন, যেটা ক্যান্সার সেরে যাওয়ার পরে ফের আক্রান্ত হওয়ার আশঙ্কা অনেকাংশে কমায়। ক্যান্সারের ছড়িয়ে পড়া ঠেকায় এবং কেমো ও রেডিয়েশন থেরাপির পার্শ্ব প্রতিক্রিয়া কমিয়ে দিতে পারে। তবে বিশেষজ্ঞরা এই গবেষণাকে স্বাগত জানিয়েও ওষুধটির ক্লিনিক্যাল ট্রায়াল মানুষের উপর না হওয়া পর্যন্ত বিস্তারিত মন্তব্য করতে নারাজ।

কেননা, এটি ক্যান্সার চিকিৎসার কোনও প্রথাগত ওষুধ বা ড্রাগ নয়। আদতে এটি লাল আঙুরের নির্যাস থেকে সংগৃহীত 'রেজ়ভারেট্রল' নামে একটি ফুড সাপ্লিমেন্ট ও তামার মিশ্রণ। যদিও তা ক্যান্সারের মূল চিকিৎসা নয়, সহায়ক একটি চিকিৎসা। কী ভাবে এই সাপ্লিমেন্ট ক্যান্সারের মতো মারণব্যাধিকে বাগে আনে? টাটা মেমোরিয়ালের ক্যান্সার শল্য চিকিৎসক রাজেন্দ্র বাড়ওয়ে জানিয়েছেন, ক্যান্সার ফিরে আসা এবং ছড়িয়ে পড়ার জন্য যে রাসায়নিকটি দায়ী, প্রথমে সেটি আবিষ্কার করা এবং তার পর তাকে ধ্বংস করার রাসায়নিকটি চিহ্নিত করাই তাঁদের মূল কাজ।

গবেষক দলের অন্যতম সদস্য রাজেন্দ্র বলেন, 'গত এক দশক ধরে এই কাজ করে আমরা দেখেছি, রেজ়ভারেট্রল ও তামার মিশ্রণ ক্যান্সারের রেকারেন্স (ফের আক্রান্ত হওয়া) ৩০% পর্যন্ত এবং মেটাস্ট্যাসিস (এক অঙ্গ থেকে অন্যত্র ছড়িয়ে পড়া) ৫০% পর্যন্ত কমিয়ে দিতে সক্ষম।' কী ভাবে? তাঁর ব্যাখ্যা—

এআই

'ইঁদুরের উপর গবেষণা চালিয়ে তাঁরা দেখেছেন, ক্যান্সার আক্রান্ত কোষ থেকে ক্রোমাটিন পার্টিকল বের হয়। সেটাই সুস্থ কোষকে ক্যান্সার আক্রান্ত কোষে বদলে দেয়। আর রেজ়ভারেট্রল ও তামার মিশ্রণ এই ক্রোমাটিন পার্টিকলকেই নিকেষ করে।'

গবেষকরা জানাচ্ছেন, রেজ়ভারেট্রল ও তামার মিশ্রণটি আদতে এক ধরনের প্রো-অক্সিডেন্ট ট্যাবলেট। সেটা ওরালি খেয়ে নিলে পাকস্থলি থেকেই তা দ্রুত রক্তে মিশে যায় এবং সেই মিশ্রণ থেকে নির্গত অক্সিজেন ফ্রি র‍্যাডিক্যাল শরীরে জমা হওয়া ক্রোমাটিন পার্টিকলগুলিকে ধ্বংস করে দেয়। এতেই ক্যান্সার ফিরে আসা ও ছড়িয়ে পড়ার আশঙ্কা কমে। এবং ক্যান্সারের মূল চিকিৎসা যে কেমোথেরাপি ও রেডিয়োথেরাপি, তার পার্শ্বপ্রতিক্রিয়া কমাতেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এই মিশ্রণ।

বাড়ওয়ে জানিয়েছেন, সাপ্লিমেন্ট মিশ্রণের ট্যাবলেটটি যেহেতু কোনও ওষুধ বা ড্রাগ নয়, তাই কেন্দ্রীয় ওষুধ নিয়ন্ত্রক সংস্থা সেন্ট্রাল ড্রাগ স্ট্যান্ডার্ড কন্ট্রোল অর্গানাইজেশন (সিডিএসসিও)-এর বদলে কেন্দ্রীয় খাদ্যসুরক্ষা নিয়ামক সংস্থা ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ড অথরিটি অফ ইন্ডিয়া (এফএসএসএআই)-এর কাছে আবেদন করা হয়েছে অনুমোদনের জন্য। তাঁর ধারণা, ছাড়পত্র মেলার পর চলতি বছরের মাঝামাঝি প্রতি ট্যাবলেটের ১০০ টাকা দাম ধার্য করে তা বাজারজাত করা সম্ভব।

তবে তিনি এটাও জানিয়েছেন যে, ওষুধটির সুরক্ষার দিকটি ইঁদুর ও মানুষের উপর যাচাই করা হলেও কার্যকারিতার দিকটি আপাতত শুধু ইঁদুরের উপর পরখ করে দেখা হয়েছে। মানুষের উপর ক্লিনিক্যাল ট্রায়াল চালিয়ে তা পরখ করতে এখনও বছর পাঁচেক সময় লাগবে। বিশেষজ্ঞ মহল অবশ্য এখনই এই দাবিতে উচ্ছ্বাস প্রকাশ করতে চাইছেন না। তাঁদের বক্তব্য, 'আগে ক্লিনিক্যাল ট্রায়ালটা কোনও জার্নালে গবেষণাপত্র হিসেবে বেরোক। তার পর বৈজ্ঞানিক আলোচনা করা যাবে।'

টাটা মেমোরিয়ালেরই প্রাক্তন ক্যান্সার শল্য চিকিৎসক গৌতম মুখোপাধ্যায় বলেন, 'ক্যান্সার চিকিৎসায় রেকারেন্স ও মেটাস্ট্যাসিস ঠেকানো নিয়ে সারা দুনিয়ায় গবেষণা চলছে। তাই এই গবেষণাটি তাৎপর্যপূর্ণ, সন্দেহ নেই। কিন্তু এই ট্যাবলেটের কার্যকারিতা মানুষের উপর ক্লিনিক্যাল ট্রায়ালে প্রমাণিত না হওয়া ইস্তক, এ নিয়ে আলোচনা করা বৃথা।' একই সুর হেমাটো-অঙ্কোলজিস্ট প্রান্তর চক্রবর্তীর গলায়। তাঁর কথায়, 'রেজ়ভারেট্রলের গুণাগুণ নতুন নয় চিকিৎসাবিজ্ঞানে। কিন্তু মেটাস্ট্যাসিস ও রেকারেন্স ঠেকানোর বিষয়টি হিউম্যান ট্রায়ালের আগে বোঝা যাচ্ছে না। তবে এটা যেহেতু একটি ফুড সাপ্লিমেন্ট, তাই ক্ষতিকারক কিছু হবে না। কিছু মানুষেরও যদি এ থেকে উপকার হয়, তা হলেও এটিকে একটি যুগান্তকারী আবিষ্কার বলব।'

THE ASIAN AGE
Delhi | Mumbai | Kolkata | London

Date: 29.02.2024

Man with cancer jumps before Delhi Metro train, dies- The Asian Age, 29th Feb. 2024

Man with cancer jumps before Delhi Metro train, dies

AGE CORRESPONDENT
NEW DELHI, FEB. 28

A 39-year-old man, who had been diagnosed with cancer, allegedly committed suicide by jumping in front of a train that was approaching a station on the Delhi Metro's Yellow Line on Wednesday, according to officials.

Services were delayed for about 35 minutes on the corridor after the incident that took place at Udyog Bhavan Metro station, a senior DMRC official said.

According to the Delhi police officials, the man was upset due to his "illness', though "no suicide note was recovered".

A PCR call about the incident was received at Rajiv Chowk police station. A team reached the spot and on enquiry and after seeing CCTV footage, "it was found that the person had committed suicide" by jumping in front of the train at around 11:30 am at the station's platform number 2, the police officials said.

His wife told the police that her husband, a resident of Delhi's Mukundpur area, was earlier working as a painter, but "since he was suffering from cancer he was not working due to his illness". The body has been shifted to the RML hospital. Inquest proceedings under section 174 of the CrPC (unnatural death) is underway, the police said.

A mobile number written on a slip was recovered from his pocket, they said. The body has been sent to a mortuary for post-mortem. His wife also told the police that he was under treatment from a leading hospital and he recently underwent a surgery.

The train was going to Vishwavidyalaya station, the DMRC official added.

February 2024

Newspaper Clips

Chittaranjan National Cancer Institute

Central Library